গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
রাজস্ব শাখা
www.kishoreganj.gov.bd

নম্বর : ৩১.১২.৪৮০০.০০৭.২১.০০১.১২-৪৪১

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০১ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.২৬৪ নম্বর স্মারকে ‘ ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫’ অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ১৩(তের)টি উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক স্পটে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে । আগ্রহী ব্যক্তিদের ০২.০৪.২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১৯.০৪.২০২৬ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নির্দেশিত ওয়েবসাইটে (www.kishoreganj.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোডপূর্বক যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে উল্লিখিত ই-মেইলে (dckishoreganj@mopa.gov.bd) / সরাসরি / ডাকযোগে আবেদনপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনে উল্লিখিত ই-মেইলের মাধ্যমে সকল কাগজপত্র স্ক্যান করে পিডিএফ ফরম্যাটে / আবেদনপত্রের সাথে (সরাসরি আবেদনের ক্ষেত্রে) কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে ।

কিশোরগঞ্জ জেলায় ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা

| ক্রমিক নং | উপজেলার নাম | ভূমি অফিসের নাম | ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা | সেবার নাম |
|---|---|---|---|---|
| ১. | কিশোরগঞ্জ সদর | উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর | প্রয়োজন অনুযায়ী | ল্যান্ড সার্ভিসেস ফ্যাসিলিটেটিং সেন্টার (এলএসএফসি) |
| ২. | হোসেনপুর | উপজেলা ভূমি অফিস, হোসেনপুর | ঐ | |
| ৩. | পাকুন্দিয়া | উপজেলা ভূমি অফিস, পাকুন্দিয়া | ঐ | |
| ৪. | কটিয়াদী | উপজেলা ভূমি অফিস, কটিয়াদী | ঐ | |
| ৫. | বাজিতপুর | উপজেলা ভূমি অফিস, বাজিতপুর | ঐ | |
| ৬. | কুলিয়ারচর | উপজেলা ভূমি অফিস, কুলিয়ারচর | ঐ | |
| ৭. | ভৈরব | উপজেলা ভূমি অফিস, ভৈরব | ঐ | |
| ৮. | নিকলী | উপজেলা ভূমি অফিস, নিকলী | ঐ | |
| ৯. | অষ্টগ্রাম | উপজেলা ভূমি অফিস, অষ্টগ্রাম | ঐ | |
| ১০. | মিঠামইন | উপজেলা ভূমি অফিস, মিঠামইন | ঐ | |
| ১১. | ইটনা | উপজেলা ভূমি অফিস, ইটনা | ঐ | |
| ১২. | করিমগঞ্জ | উপজেলা ভূমি অফিস, করিমগঞ্জ | ঐ | |
| ১৩. | তাড়াইল | উপজেলা ভূমি অফিস, তাড়াইল | ঐ | |

অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার / মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২(দুই) বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;

৫. কম্পিউটার / মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞান সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডির আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথা নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজপত্র ই-মেইলে পিডিএফ আকারে কপি সরাসরি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক জেলা প্রশাসক বরাবর ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, পৌর এলাকার জন্য ০১ (এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে এবং ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতিপত্র বাবদ ইউনিয়ন পর্যায়ে (উপজেলা সদর ব্যতীত) ৩,০০০/-(তিন হাজার) টাকা, উপজেলা সদর / পৌর এলাকায় প্রতিটি এলএসএফসির জন্য অনুমতিপত্র বাবদ ফি ৫,০০০/- (পাঁচ হাজার) হাজার টাকা পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদ পূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সেবা সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, ' ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫' অনুযায়ী প্রতিপালিত হবে।

১৭. জেলা প্রশাসক কোন কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৪/২৫

(মোহাম্মদ আসলাম মোল্লা)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন- ০২৯৯৭৭৬১৪৯৩
ই-মেইল : dckishoreganj@mopa.gov.bd

স্মারক নম্বর : ৩১.১২.৪৮০০.০০৭.২১.০০১.১২-৪৪১/১(৪০)

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;

৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;

৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা;

৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ;

৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা( ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,কিশোরগঞ্জ;

৭. উপজেলা নির্বাহী অফিসার,.............................................(সকল), কিশোরগঞ্জ (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ);

৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ;

৯. সহকারী কমিশনার (ভূমি), ...........................................(সকল), কিশোরগঞ্জ ; (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ);

১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টাল প্রদর্শনের ব্যবস্থাকরণ);

১১. অফিস কপি / মাস্টার ফাইল।

০১/০৪/২৬

জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন- ০২৯৯৭৭৬১৪৯৩